

# গৃহনির্যাতনে আক্রান্ত/কাটিয়ে ওঠাদের বাড়ি ভাড়া নেওয়া বা কেনার ক্ষেত্রে বৈষম্যমূলক আচরণ থেকে সুরক্ষা

## আপনার আইনি বাধ্যবাধকতা সম্পর্কে অবহিত হন

নিউ ইয়র্ক সিটি কমিশন অন হিউম্যান রাইটস আপনাকে নিউ ইয়র্ক সিটি মানবাধিকার আইন মেনে চলার অনুশীলন অনুসরণে সাহায্য করার জন্য একটি সংস্থান। এই নথিটি ভাড়াটে এবং বসবাসের জন্য বাসা ভাড়া খুঁজছেন এমন ব্যক্তি যারা গৃহনির্যাতন, যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্ত বা এগুলি কাটিয়ে উঠেছেন তাদের নতুন সুরক্ষাগুলি সম্বন্ধে তথ্য সরবরাহ করে।

26শে জুলাই, 2016 থেকে শুরু হওয়া, এই আইন অনুসারে ভাড়াটে বা বাড়ি কেনা বা ভাড়ার অনুসন্ধান করা আবেদকদের গৃহনির্যাতন, যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্তের শিকার বা এগুলি কাটিয়ে ওঠা হওয়ার জন্য তাদের সাথে পৃথক আচরণ করা হল নিউ ইয়র্ক সিটি হিউম্যান রাইটস আইনের লক্ষ্যন।

## কে সুরক্ষিত?

নিউ ইয়র্ক শহরে বসবাসরত বা বসবাসের জন্য বাড়ি খুঁজছেন এমন যে কোনো ব্যক্তি যাদের সামাজিক অবস্থান নিম্নলিখিত:

**গৃহনির্যাতনের** শিকার বা কাটিয়ে ওঠা, যার অর্থ, কোনো ব্যক্তি যে কোন হিংসার শিকার বা সহিংসতার হুমকীর শিকার হয়েছে এবং সেটি ফৌজদারি আইন অনুসারে অপরাধ হিসাবে বিবেচিত হয়, নিম্নলিখিত কারুর দ্বারা :

- বর্তমান বা প্রাক্তন স্বামী/স্ত্রী;
- এমন কোনো ব্যক্তি যার সাথে আক্রান্ত/কাটিয়ে ওঠা ব্যক্তি একটি সম্মান আছে ;
- আক্রমণে আক্রান্ত বা এগুলি কাটিয়ে উঠেছেন এমন ব্যক্তির সাথে বসবাস করেন বা বাস করেছেন এমন ব্যক্তি;
- আক্রমণে আক্রান্ত বা এগুলি কাটিয়ে উঠেছেন এমন ব্যক্তির সাথে প্রেমের বা ঘনিষ্ঠ সামাজিক সম্পর্ক চলেছে বা চলছিল এমন কোনো ব্যক্তি; অথবা
- আক্রমণে আক্রান্ত বা এগুলি কাটিয়ে উঠেছেন এমন ব্যক্তির সাথে একই বাড়িতে একটানা বা নিয়মিত বিরতিতে বসবাস করছে বা করেছে এমন কোনো ব্যক্তি;

বা ফৌজদারি আইনের অধীনে সংজ্ঞায়িত যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্ত বা এগুলি কাটিয়ে উঠেছেন।

## কী জাতীয় বসবাসের জন্য বাসা আইনের অধিকৃত ?

- নিউ ইয়র্ক সিটিতে প্রায় সমস্ত প্রকারের বসবাসের জন্য বাসা এই আইনের অধীনে আছে। একমাত্র ব্যতিক্রমগুলি হল:

- দুটি পারিবারিক বাসা, (টু ফ্যামিলি হোম) যেখানে মালিক বা মালিকের পরিবারের সদস্য সেই বাড়িতে বসবাস করে এবং উপলব্ধ বসবাসের ব্যবস্থাটির বিস্তারিত দেওয়া হয়নি;

অথবা

- মালিক বা মালিকের পরিবারও বসবাস করে আবাসনে এমন একটি কক্ষ বা কক্ষগুলি।

এর অর্থ সমস্ত মালিক, লিজদাতা, লিজগ্রহণকারী, উপলিজগ্রহণকারী, স্বত্বনিয়োগীরা, পরিচালনাকারী এজেন্টরা অথবা আবাসনের স্থানসংস্থানের বিক্রয়, ভাড়া বা লিজ (বা বিক্রি, ভাড়া বা লিজের অনুমোদন)-এর অধিকার সহ অন্যান্য ব্যক্তি এবং তাদের এজেন্ট বা কর্মীদের অবশ্যই আইনটি অনুসরণ করে চলতে হবে।

## কী কী বিষয় নিষিদ্ধ?

আপনি নিম্নলিখিতগুলি করতে পারবেন না:

- **গৃহনির্ধাতন**, যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্তের শিকার /এগুলি কাটিয়ে উঠেছে এমন কাউকে বসবাসের জন্য বাড়ি বিক্রি, ভাড়া দেওয়া বা লিজ দিতে প্রত্যাখ্যান করা;
- **গৃহনির্ধাতন**, যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্তের শিকার/এগুলি কাটিয়ে উঠেছে এমন কাউকে বসবাসের জন্য বাড়ির উপলব্ধতা সম্পর্কে অসত্য বিবরণ দেওয়া ;
- **গৃহনির্ধাতন**, যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্তের শিকার/এগুলি কাটিয়ে উঠেছে এমন কাউকে, কোনো অ্যাপার্টমেন্ট খালি করতে বলপ্রয়োগ করা ;
- **গৃহনির্ধাতন**, যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্তের শিকার/এগুলি কাটিয়ে উঠেছে এই কারণে তাকে কোনো বসবাসের জন্য বাড়ি বিক্রয়, ভাড়া বা লিজ দেওয়ার জন্য পৃথক বিধি, শর্তাবলী বা সুবিধা সেট করা (সাথে অতিরিক্ত ফি চার্জ করা বা অধিকতর সিকিউরিটি ডিপোজিট চাওয়া;
- **গৃহনির্ধাতন**, যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্তের শিকার/এগুলি কাটিয়ে উঠেছে এই কারণে তাকে অন্য ব্যক্তির থেকে আলাদা বসবাসের জন্য বাড়ির পরিষেবা বা সুবিধা সরবরাহ করা।

NYCHRL কোনো ব্যক্তি **গৃহনির্ধাতন**, যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্তের শিকার /এগুলি কাটিয়ে উঠেছে এই স্থিতির ভিত্তিতে কর্মক্ষেত্রে তার প্রতি বৈষম্যেও , নিষেধাজ্ঞা জারি করেছে এবং এটি অনুসারে **গৃহনির্ধাতন**, যৌন অপরাধ বা অতর্কিত আক্রমণে আক্রান্তের শিকার/এগুলি কাটিয়ে উঠেছে এমন কাউকে কর্মস্থানে ন্যায্য সুবিধা (reasonable accommodation) দেওয়া প্রয়োজন।

নিউ ইয়র্ক সিটি হিউম্যান রাইটস আইনের অধীনে বসবাসের জন্য বাসা সরবরাহকারী হিসাবে আপনার দায়িত্বগুলি সম্বন্ধে আরো জানতে এবং একটি বিনামূল্যে কর্মশালার জন্য সাইন আপ করতে [NYC.gov/HumanRights](https://nyc.gov/HumanRights)-এ যান।